

# সরকার মাদ্রাসা শিক্ষার উন্নয়নে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে চলেছে ড. হাছান মাহমুদ

□ রাঙ্গুনিয়া (চট্টগ্রাম) উপজেলা সর্বোদ্যোগ

ছোটখাটো কিছু  
ক্রটির জন্য  
ইসলামী শিক্ষার  
উন্নয়নে করা  
সরকারের ভালো  
কাজগুলোর সঠিক  
মূল্যায়ন হচ্ছে না  
-এএমএম বাহাউদ্দীন

বাংলাদেশ জমিয়াতুল মোদারেরীন রাঙ্গুনিয়া উপজেলা শাখার সম্মেলন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ড. হাছান মাহমুদ বলেছেন, রাঙ্গুনিয়ার উন্নয়নে বর্তমান সরকার খুবই আন্তরিক। বিগত ৩ বছরে বিভিন্ন প্রকল্পের আওতায় এখানে প্রায় ৪৯ কোটি টাকার উন্নয়নমূলক কাজ এগিয়ে চলেছে। অতীতে যে কাজ কোনদিন রাঙ্গুনিয়া থেকে নির্বাচিত কোন এমপি কিংবা এখানকার কোন মন্ত্রীর পক্ষে সম্ভব হয়নি। তিনি বলেন, এ সরকার ইসলামবিদেষ্টী সরকার নয়। প্রধানমন্ত্রী নিজেই একজন ধর্মভীরু মহিলা। তিনি মাদ্রাসা প্রিন্সিপাল এবং সরকারের ওলামা-মাশায়েখদের জীবন মান উন্নতির লক্ষ্যে বিভিন্ন ধরনের কর্মসূচি গ্রহণ করে চলেছেন। মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করার লক্ষ্যে ইতোমধ্যে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন করা হয়েছে। উপজেলা সদরের একটি কমিউনিটি সেন্টারে গতকাল শনিবার আয়োজিত এ সম্মেলনে সভাপতিত্ব করেন চট্টগ্রাম জেলা জমিয়াতুল মোদারেরীন সভাপতি অধ্যক্ষ মওলানা আনাম শামসুল আলম চৌধুরী। সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ জমিয়াতুল মোদারেরীদের কেন্দ্রীয় সভাপতি ও দৈনিক ইনকিলাব সম্পাদক এএমএম বাহাউদ্দীন, প্রধান বক্তা ছিলেন বাংলাদেশ জমিয়াতুল মোদারেরীদের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক

## সরকার মাদ্রাসা শিক্ষার

১৩-এর পৃষ্ঠার পর  
মওলানা অধ্যক্ষ শাকীর আহমদ মোমতাজী, বিশেষ অতিথিবৃন্দে মধ্যে আরও ছিলেন রাঙ্গুনিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা তানভীর আজম সিদ্দিকী, পৌর মেয়র আলহাজ্ব বলিসুর রহমান চৌধুরী, রাঙ্গুনিয়া থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মোর্শেদ আলম শিপিএম, অধ্যক্ষ মওলানা সাব্বাওয়ত হোসাইন, অধ্যক্ষ মওলানা কাশী আবুল বরদান হোসেনী, অধ্যক্ষ মওলানা মোখতার আহমদ প্রমুখ। বিশেষ অতিথির বক্তব্যে এএমএম বাহাউদ্দীন সকল ছাত্রদের শিক্ষক-কর্মচারীকে জমিয়াতুল মোদারেরীদের পড়াশুনাতে সমবেত হয়ে আগ্রহের প্রতি অনুপ্রাণিত এবং রমূপের আদর্শ বাস্তবায়নে এগিয়ে আসার আহ্বান জানান। তিনি আরো বলেন, শিক্ষক সমাজের মর্যাদাপূর্ণ অধিকার রক্ষা ও ন্যায্য দাবি আদায়ের লক্ষ্যে জমিয়াতুল মোদারেরীন বিরলনভাবে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, বর্তমান সরকার ইসলামী শিক্ষা ও মাদ্রাসার উন্নয়নে অনেক ভালো কাজ করেছে। কিন্তু ছোটখাটো কিছু ক্রটির কারণে এ ভালো কাজগুলোর সঠিক মূল্যায়ন হচ্ছে না।

প্রধান বক্তা অধ্যক্ষ শাকীর আহমদ মোমতাজী বলেছেন, জমিয়াতুল মোদারেরীন শিক্ষক ও কর্মচারীদের কল্যাণার্থে বহুমুখী পদক্ষেপ গ্রহণ করেছে। যার সুফল শিশুকে ইতোমধ্যেই ভোগ করছেন। আশামতে তা আরও বৃদ্ধি পাবে। তিনি জানান, আগামী ২০১৩ সালে ছাত্রদের জন্য একটি উন্নতমানের কারিকুলাম জমিয়াতুল মোদারেরীন উপহার দেবে। এতে ছাত্রদের মর্যাদা আরও অনেক বৃদ্ধি পাবে বলে আশা প্রকাশ করা হয়। সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন রাঙ্গুনিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা তানভীর আজম সিদ্দিকী, পৌর মেয়র আলহাজ্ব বলিসুর রহমান চৌধুরী, রাঙ্গুনিয়া থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মোর্শেদ আলম শিপিএম, অধ্যক্ষ মওলানা সাব্বাওয়ত হোসাইন, অধ্যক্ষ মওলানা কাশী আবুল বরদান হোসেনী, অধ্যক্ষ মওলানা মোখতার আহমদ প্রমুখ।